

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৪০

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ কর্তৃক তাঁর প্রিয়পাত্রকে বাকী'গোরস্থানের অধিবাসীদের জন্য দু'আ করার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ أُمْرِ اللَّهِ جَلَّ وَعَلَا صفيَّه صلى الله عليه وسلم أَنْ يَدْعُوَ لِأَهْلِ الْبَقِيع

## আরবী

3740 – أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيد بْنِ سِنَانٍ أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن عَلْقَمَة بُنِ أَبِي عَلْقَمَة: عَنْ أُمِّهِ أَنَّهَا قَالَتْ: سَمِعْتُ عَائِشَةَ تَقُولُ: قَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ذَاتَ لَيْلَةٍ فَلَبِسَ ثِيَابَهُ ثُمَّ خَرَجَ قَالَتْ: فأمرتُ بَرِيرَةَ جَارِيَتِي تَتْبَعُهُ فَتَبِعَتْهُ حَتَّى جَاءَ الْبَقِيعِ فَوَقَفَ فِي أَدْنَاهُ مَا شَاءَ اللَّهُ أَنْ يَقِفَ ثُمَّ انْصَرَفَ فَسَبَقَتْهُ بَرِيرَةُ فَأَخْبَرَتْنِي فَلَمْ الْبَقِيعِ فَوَقَفَ فِي أَدْنَاهُ مَا شَاءَ اللَّهُ أَنْ يَقِفَ ثُمَّ انْصَرَفَ فَسَبَقَتْهُ بَرِيرَةُ فَأَخْبَرَتْنِي فَلَمْ أَنْ يَقِفَ ثُمَّ انْصَرَفَ فَسَبَقَتْهُ بَرِيرَةُ فَأَخْبَرَتْنِي فَلَمْ أَنْ يَقِفَ ثُمَّ إِنِّي بُعِثْتُ لِأَهْلِ الْبَقِيعِ لأَصلِي لَلْمَ لَلْهُ فَقَالَ: (إِنِي بُعِثْتُ لِأَهْلِ الْبَقِيعِ لأُصلِي عَلَيهم) عليهم)

الراوي: عَائِشَةُ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3740 ا خلاصة حكم المحدث: ضعيف الإسناد

## বাংলা

৩৭৪০. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "একরাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘুম থেকে উঠেন। তারপর তিনি কাপড় পরিধান করে বাইরে বের হন।" আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "তখন আমি আমার দাসী বারীরাহ রাদ্বিয়াল্লাহু আনহাকে তাঁর পিছে যাওয়ার জন্য আদেশ করি। ফলে সে তার পিছে যান। এভাবে তিনি বাকী'নামক জায়গায় আসেন। তিনি এক প্রান্তে যতক্ষন চান, ততক্ষন দাঁড়িয়ে থাকেন। তারপর তিনি চলে আসেন। এসময় বারীরাহ রাদ্বিয়াল্লাহু আনহা তাঁর আগে চলে আসেন। সে এসে আমাকে বিষয়টি অবহিত করেন। অতঃপর সকাল না হওয়া পর্যন্ত আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কিছুই বলিনি। তারপর আমি বিষয়টি তাঁকে অবহিত করলে তিনি বলেন, "আমাকে বাকী' গোরস্থানের অধিবাসীদের জন্য দু'আ করার জন্য পাঠানো হয়েছিল।"[1]



## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/২৪২; নাসাঈ: ৪/৯২; হাকিম: ১/৪৮৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৭১২; সহীহ মুসলিম: ৯৭৪; নাসাঈ: ৭/৭২-৭৫; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ১২/২৯৯-৩০০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (তা'লীকাতুল হিসান: ৩৭৪০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন